24

দৈনিক বাংলা

তারিখ ... 0.9 JAN 1997

পৃঃ 2 কলাম 8

### ল্যাবরেটরী স্কুলের প্রথম শ্রেণীতে ২০০ আসনে ২০০০ আবেদনপত্র

# রাজধানীর ২৪টি সরকারী স্কুলে রোববার ভর্তি পরীক্ষা শুরু

স্টাফ রিপোর্টার ঃ অভিভাবকদের উদ্বেগ উৎকণ্ঠা এবং স্কুলগুলিতে ধারণ ক্ষমতার তুলনায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের প্রচন্ড চাপের মধ্যে আগামী ১২ জানুয়ারী থেকে রাজধানীর সরকারী স্কুলগুলিতে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। এসব স্কুলে এখনও ভর্তির আবেদনপত্র জমা নেয়া হচ্ছে। স্কুলের সংশ্লিষ্ট শিক্ষকরা জানিয়েছেন, এবছর সরকারী স্কুলগুলিতে ছাত্র-ছাত্রী ভর্তির চাপ গত বছরের তুলনায় বেশী।

রাজধানীর ২৪টি সরকারী স্কুলে তিনদিন ধরে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ১৪ জানুয়ারী পর্যন্ত ভর্তি পরীক্ষা চলবে। প্রতিদিন ৮টি করে স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। অধিকাংশ স্কুলেই শুধুমাত্র প্রথম শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে। কিছু

(৫-এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) রাজধানীর ২৪টি সরকারী স্কুলে রোববার ভর্তি পরীক্ষা শুরু

কিছু স্কুলে নবম ও ষষ্ঠ শ্রেণীসহ অন্যান্য শ্রেণীতেও ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। তবে এসব শ্রেণীতে বিভিন্ন কারণে শূন্য হওয়া স্বল্প সংখ্যক আসনেই কেবল ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

আগামী ১২ জানুয়ারী রাজধানীর যেসব সরকারী স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে সেগুলি হচ্ছে ঃ ঢাকা গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বালিকা বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়; নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয় ও নিউ গভঃ গার্লস হাই স্কুল।

১৩ জানুয়ারী যেসব স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে সেগুলি হচ্ছে ঃ মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা গভঃ মুসলিম হাই স্কুল, বাংলাবাজার সরকারী বালিকা বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারী বালক বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ, ধানমন্ডি সরকারী বালিকা বিদ্যালয় ও আমলিগোলা সরকারী উচ্চ বিদ্যালয়।

আগামী ১৪ জানুয়ারী যেসব স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে সেগুলি হচ্ছে ঃ ধানমন্ডি বয়েজ হাই স্কুল, শেরেবাংলা নগর সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, কামরুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয় (টিকাটুলী), ঢাকা কলেজিয়েট স্কুল, কামরুন্নেসা সরকারী, উচ্চ বালিকা বিদ্যালয় (ধানমন্ডি), তেজগাঁও সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, গণভবন সরকারী উচ্চ বালক বিদ্যালয় ও তেজগাঁও সরকারী বালক বিদ্যালয়। প্রতিদিন সকাল ১০টা থেকে ভর্তি পরীক্ষা শুরু হবে।

সরকারী স্কুলগুলির মধ্যে এবারও সবচেয়ে বেশী চাপের মধ্যে রয়েছে ঢাকা গভঃ ল্যাবরেটরী হাইস্কুল, এই স্কুলের প্রথম শ্রেণীতে দু'শ' আসনের বিপরীতে গতকাল বুধবার পর্যন্ত ২ হাজার ২শ ৭৬টি আবেদনপত্র জমা পড়েছে। ষষ্ঠ ও নবম শ্রেণীতে প্রতি শ্রেণীতে ১০টি করে ২০টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়েছে ৭৩৯টি। আজ এই স্কুলের আবেদনপত্র জমা নেয়ার শেষ দিন। ল্যাবরেটরী স্কুলের সহকারী প্রধান শিক্ষক এএসএম শামসুল মতিন জানান, আজ বৃহস্পতিবারের পরই কেবল প্রার্থী সংখ্যার প্রকৃত অবস্থা বোঝা যাবে। তিনি বলেন, সবাই চায় ভাল স্কুলে ভর্তি হতে। একারণেই ভাল স্কুলগুলিতে ভর্তির এত চাপ।

এদিকে কয়েকজন অভিভাবকের সঙ্গে আলাপ করে জানা গেছে, সরকারী স্কুলে পরীক্ষা দিলেও তাদের সন্তান বর্তমানে রাজধানীর কোন না কোন স্কুলে পড়াশুনা করছে। অনেকেই ভর্তি সংকটের তীব্রতার কারণে একসাথে একাধিক সরকারী স্কুলে ভর্তি ফরম জমা দিয়েছেন। সরকারী স্কুলের পাশাপাশি রাজধানীর নামকরা বেসরকারী স্কুলগুলিতেও ছেলেমেয়ে ভর্তি করার চেষ্টা করছেন অনেক অভিভাবক। একসাথে দু'তিনটি স্কুলে ভর্তির ফরম জমা দেয়ার কারণেও ভর্তিচ্ছু ছাত্রছাত্রীর সংখ্যা অনেক বেড়েছে।